



জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১৮.০৩.০২৫.১৩.৩১৬

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪২৭

২১ মে ২০২০

বিষয়: সাইক্লোন 'আম্পান' এর প্রভাবে ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে মৎস্য ও প্রাণিসম্পদ খাতে প্রণোদনাসহ সহজশর্তে সুদ বিহীন ঋণ প্রদান।

উপকূলীয় অঞ্চলে সাইক্লোন 'আম্পান' এর প্রভাবে মাছ, গবাদিপশু এবং হাঁসমুরগির ক্ষয়ক্ষতির প্রাথমিক বিবরণ পাওয়া গেছে। ক্ষয়ক্ষতির চূড়ান্ত তালিকা প্রস্তুতকরণে যাচাই বাছাই কার্যক্রম চলমান রয়েছে। করোনা (কোভিড-১৯) মহামারির বিরূপ প্রভাবে মৎস্য ও প্রাণিসম্পদ খাতে বিনিয়োগকারীগণ চরম আর্থিক ক্ষতির সম্মুখীন হয়েছেন। তদুপরি 'আম্পান' এর প্রভাবে এ ক্ষতি সংশ্লিষ্টদের আরও হতাশ করেছে। বিরাজমান এ অবস্থা চলতে থাকলে প্রাণিজ পুষ্টির যোগানদাতা মৎস্য ও প্রাণিসম্পদ খাত হুমকির মুখে পরবে। যার শিকার হবে গোটা জাতি। প্রণোদনাসহ সহজশর্তে সুদ বিহীন ঋণ প্রদান ক্ষয়ক্ষতি পুষিয়ে ঘুরে দাড়াতে সংশ্লিষ্ট চাষি, খামারি এবং উদ্যোক্তাদের জন্য সহায়ক হবে।

২.০। সাইক্লোন 'আম্পান' এর প্রভাবে খুলনা ও বরিশাল বিভাগে ক্ষয়ক্ষতির বিবরণ নিম্নে উল্লেখ করা হলো।

প্রাণিসম্পদ খাত

ক্যাটাগরি	ক্ষতিগ্রস্ত খামারের সংখ্যা	মৃত পশুপাখির সংখ্যা	ক্ষয়ক্ষতির পরিমাণ (টাকা)
গরু	৩৮	৩৮	২২,৮০,০০০.০০
ছাগল/ ভেড়া	১০০	১৯৪	১৯,৬০,০০০.০০
হাঁস-মুরগি	৫০০০	১৫,৫০০	৬২,০০০০০.০০
মোট	৫০১৩৮	১৫,৭৩২	১,০৪,৪০,০০০.০০

মৎস্য খাত

ক্যাটাগরি	ক্ষতিগ্রস্ত খামারের সংখ্যা	ক্ষয়ক্ষতির পরিমাণ (টাকা)
সাদা মাছের ঘের	৫২০০	৪২,৫০,০০০০০.০০
চিংড়ি ঘের	১৮,৫০০	২৬০,০০০০০০০.০০
কাঁকড়া/কুঁচিয়া	৬৫০	৩,০০০০০০০.০০
মোট	২৪,৩৫০	৩০৫,০৫০,০০০০০.০০

৩.০। এমতাবস্থায় ক্ষয়ক্ষতি পুষিয়ে ঘুরে দাড়াতে সংশ্লিষ্ট চাষি, খামারি এবং উদ্যোক্তাদের জরুরী ভিত্তিতে আর্থিক নগদ সহায়তাসহ সহজশর্তে সুদ বিহীন ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।



২১-৫-২০২০

রওনক মাহমুদ

সচিব

সিনিয়র সচিব


দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১৮.০৩.০২৫.১৩.৩১৬/১(১১)

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪২৭
২১ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) গভর্নর, বাংলাদেশ ব্যাংক
- ৪) সচিব, অর্থ বিভাগ
- ৫) অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ-২ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৬) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৭) অতিরিক্ত সচিব, মৎস্য অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৮) মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ অধিদপ্তর
- ৯) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর
- ১০) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)



২১-৫-২০২০

ড.অমিতাভ চক্রবর্তী

উপসচিব